দৈনিক ইত্তেফাক

MAR 16 2002

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৩

## শাবিকে সন্ত্রাস ও সেশনজটমুক্ত করতে নয়া ভিসির অঙ্গীকার

শাহজালাল বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর অধ্যাপক শফিকুর রহমান শাহজালাল বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাস ও সেশনজটমুক্ত করার অঙ্গীকার ব্যক্ত করেছেন। গত বুধবার বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে আয়োজিত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, সংগঠনের নেতৃবৃন্দের সাথে ভাইস চ্যান্সেলর ও প্রো-ভাইস চ্যান্সেলরের সৌজন্য ও মতবিনিময় সভায় তিনি একথা বলেন। প্রো-ভাইস চ্যান্সেলর ডঃ মোসলেহ উদ্দিন আহমদ তাঁর স্বাগত বক্তব্যে বলেন সকল মহলের সহযোগিতা পেলে বিশ্ববিদ্যালয়ের জন্য ভাল কিছু করা সম্ভব হবে। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ও সেক্রেটারী যথাক্রমে সিরাজউদ্দিন মণ্ডল ও ডঃ এম কবির হোসেন।

## শিবিরের ১১ দফা ॥ ভিসি'কে স্মারকলিপি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ একাডেমিক ক্যালেণ্ডার চালু, রেল লাইন সংস্কারসহ ১১ দফা বাস্তবায়নের দাবীতে ছাত্রশিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা গত বুধবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। পরে তারা একটি স্মারকলিপি ভাইস চ্যান্সেলরকে প্রদান করে। স্মারকলিপিতে যুক্ত অন্য দাবীগুলো হচ্ছে খুনী, ধর্ষক ও চাঁদাবাজদের গ্রেফতার, সেশনজট নিরসন, শাটল ট্রেনে বগি বৃদ্ধি, ছাত্র বেতন ও সব ধরনের ফি কমানো, বৃত্তির পরিমাণ বৃদ্ধি, ভাষা ইনষ্টিটিউট প্রতিষ্ঠা ইত্যাদি। এর আগে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন আলাউদ্দিন শিকদার।